গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর
কাজী আলাউদ্দিন রোড, ঢাকা।

**ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর উপপরিচালক ও সহকারী পরিচালকগণের সাথে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী:**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | ব্রিগেডিয়ার জেনারেল মুহাম্মদ জাহেদ কামাল, এনডিসি, এএফডব্লিউসি, পিএসসি |
| তারিখ | : | ২৩ মার্চ, ২০২৫ |
| সময় | : | ১১.০০ ঘটিকা |
| স্থান | : | সম্মেলন কক্ষ, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর। |
| উপস্থিতি | : | সভায় উপস্থিত কর্মকর্তা/কর্মচারীদের নামের তালিকা 'পরিশিষ্ট-ক'। |

সভায় সরাসরি উপস্থিত ও ভিটিসি এর মাধ্যমে যুক্ত সকলকে শুভেচ্ছা ও ধন্যবাদ জানিয়ে মহাপরিচালক মহোদয় সভার শুরুতে গত ৫ ফেব্রুয়ারি ২০২৫ হতে ২২ মার্চ ২০২৫ পর্যন্ত এ বিভাগে কর্মরত অবস্থায় মৃত্যুবরণকারীদের প্রতি শোক প্রস্তাব গ্রহণ করে সভার কার্যক্রম শুরু করেন। সহকারী পরিচালক (প্রশাসন ও অর্থ) বিগত সভার কার্যবিবরণী ও সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি সভায় উপস্থাপন করেন।

এ সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্রমিক | বিষয় | সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১। | সাক্ষাৎ সংক্রান্ত | বদলি বা অন্য কোন বিষয়ে মহাপরিচালক মহোদয়ের সাথে সাক্ষাৎ করতে চাইলে কাউকে নিষেধ করা যাবে না। স্থানীয় পর্যায়ে উর্দ্ধতন কর্তৃপক্ষ কর্তৃক ন্যায় সংগত সমস্যা সমাধান করার চেষ্টা করতে হবে। সমাধান করতে না পারলে মহাপরিচালক মহোদয়ের সাথে সাক্ষাতের জন্য অনুমোদন প্রদান করতে হবে। | • পরিচালক (প্রশা: ও অর্থ)<br>• উপপরিচালক (সকল বিভাগ)<br>• সহকারী পরিচালক (সকল বিভাগ) |
| ২। | গোপনীয়/স্পর্শকাতর তথ্য সংক্রান্ত | তথ্য অধিকার আইন ২০০৯ অনুযায়ী কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান তথ্য চাইলে গোপনীয়/স্পর্শকাতর তথ্য যাচাইবাছাই করে আইন ও বিধি বিধান অনুযায়ী তথ্য প্রদানকারী কর্মকর্তার অনুমোদন সাপেক্ষে তা প্রদান করতে হবে। | • পরিচালক (প্রশা: ও অর্থ)<br>• পরিচালক (প্রশি: পরি: উন্ন:)<br>• পরিচালক (অপা: ও মেইন:)<br>• উপপরিচালক (সকল বিভাগ)<br>• সহকারী পরিচালক (সকল বিভাগ) |
| ৩। | প্রশিক্ষণকালীন সময়ে দায়িত্ব পালন সংক্রান্ত | প্রশাসনিক দক্ষতা উন্নয়ন সংক্রান্ত প্রশিক্ষণের জন্য মনোনীত কর্মকর্তাগণ নিজ জেলার দায়িত্ব উর্দ্ধতন কর্তৃপক্ষের অনুমতি সাপেক্ষে পার্শ্ববর্তী জেলার কর্মকর্তাগণকে প্রদান করতে হবে। | • পরিচালক (প্রশা: ও অর্থ)<br>• পরিচালক (প্রশি: পরি: উন্ন:)<br>• সহকারী পরিচালক (প্রশিক্ষণ) |
| ৪। | উন্নয়নমূলক কাজের ব্যয় ব্যবস্থাপনা সংক্রান্ত | উন্নয়নমূলক কাজের ব্যয় ব্যবস্থাপনা যাতে সঠিক হয় সেদিকে সজাগ দৃষ্টি রাখতে হবে। উন্নয়নমূলক কাজের তালিকা ও ওয়ার্কঅর্ডার সংশ্লিষ্ট বিভাগের ডিডিদের বরাবর পাঠানোর ব্যবস্থা করতে হবে। | • পরিচালক (প্রশি: পরি: উন্ন:)<br>• উপপরিচালক (উন্নয়ন)<br>• উপপরিচালক (সকল বিভাগ)<br>• সহকারী পরিচালক (সকল বিভাগ) |
| ৫। | সম্পদের হিসাব বিবরণী সংক্রান্ত | অধিদপ্তরের কর্মকর্তা/কর্মচারীগণের সম্পদের হিসাব বিবরণী একটি রুমে সংরক্ষিত রয়েছে। তবে বর্তমানে অধিদপ্তরে কিছু অফিস রুম খালি হওয়ায় সেখানে রুম স্থানান্তরের ব্যবস্থা করতে হবে। | • পরিচালক (প্রশা: ও অর্থ)<br>• উপপরিচালক (প্রশা: ও অর্থ)<br>• সহকারী পরিচালক (প্রশাসন ও অর্থ) |

| ক্রমিক | বিষয় | সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ৬। | নিয়োগ কার্যক্রম সংক্রান্ত | স্বচ্ছতা ও সুষ্ঠুভাবে নিয়োগ কার্যক্রম সম্পন্ন করতে হবে। নিয়োগ কার্যক্রম নিয়ে যাতে কেউ অবৈধ লেনদেন বা অন্য কোন অনিয়ম করতে না পারে সেদিকে সজাগ দৃষ্টি রাখতে হবে। | • পরিচালক (প্রশা: ও অর্থ)<br>• উপপরিচালক (প্রশা: ও অর্থ) |
| ৭। | সরঞ্জামাদী ক্রয় ও মজুদ সংক্রান্ত | দুর্গম এলাকায় ফায়ার ফাইটিং এর জন্য স্পেশালাইজড ফায়ার ফাইটিং হেলিকপ্টার ক্রয়ের ডিপিপি তৈরির ব্যবস্থা করতে হবে। সুন্দরবন এলাকার নিকটবর্তী ফায়ার স্টেশনে অতিরিক্ত ডেলিভারী হোজ মজুদের ব্যবস্থা করতে হবে। | • পরিচালক (প্রশা: ও অর্থ)<br>• পরিচালক (প্রশি: পরি: উন্ন:)<br>• পরিচালক (অপা: ও মেইন:) |
| ৮। | গমের বস্তা সংক্রান্ত | সেনাকল্যাণ সংস্থার সাথে আলোচনা করে খাদ্য গুদাম থেকে প্রাপ্ত রেশনের গমের বস্তা সংক্রান্ত জটিলতা নিরসনের বিষয়টি তদারকি করার জন্য সহকারী পরিচালক (ঢাকা) কে বলা হয়। | • উপপরিচালক (প্রশা: ও অর্থ)<br>• উপপরিচালক (ঢাকা বিভাগ)<br>• সহকারী পরিচালক (ঢাকা) |
| ৯। | ২৫ ও ২৬ মার্চ এর কর্মসূচী পালন সংক্রান্ত | ২৫ ও ২৬ মার্চ এর কর্মসূচী যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য সচেষ্ট থাকতে হবে। | • পরিচালক (প্রশা: ও অর্থ)<br>• পরিচালক (অপা: ও মেইন:)<br>• উপপরিচালক (সকল)<br>• সহকারী পরিচালক (সকল) |
| ১০। | ইদুল ফিতরের ছুটি সংক্রান্ত | ইদুল ফিতরের ছুটির ক্ষেত্রে সর্বাগ্রে অপারেশনের বিষয়টি সর্বোচ্চ গুরুত্ব দিয়ে কর্মীদের ছুটির ব্যবস্থা করতে হবে। গুরুত্বপূর্ণ স্থানে অবশ্যই দায়িত্বশীল কর্মকর্তা থাকতে হবে। | • পরিচালক (প্রশা: ও অর্থ)<br>• পরিচালক (অপা: ও মেইন:)<br>• উপপরিচালক (সকল)<br>• সহকারী পরিচালক (সকল) |
| ১১ | ঝুঁকি ভাতার পরিমাণ বৃদ্ধি বিষয়ক প্রস্তাব প্রেরণ সংক্রান্ত | সভায় সরাসরি উপস্থিত ও ভিটিসি এর মাধ্যমে যুক্ত সকলের সম্মতিক্রমে এতদসংক্রান্ত বিষয়ে গঠিত কমিটির মতামত অনুযায়ী গ্রেড ১১-২০ পর্যন্ত ৩০% হারে ও ৩-১০ পর্যন্ত নির্ধারিত করে ঝুঁকি ভাতার পরিমাণ বৃদ্ধি বিষয়ক প্রস্তাব প্রশাসনিক মন্ত্রণালয়ে প্রেরণের জন্য সভায় সিদ্ধান্ত হয়। | • পরিচালক (প্রশা: ও অর্থ)<br>• উপপরিচালক (প্রশা: ও অর্থ)<br>• সহকারী পরিচালক<br>• (প্রশাসন ও অর্থ) |

২। সভায় অন্য কোন আলোচনা না থাকায় অধিদপ্তর কর্তৃক গ্রহণকৃত বিভিন্ন কার্যক্রম সফলভাবে সম্পন্নকরণের লক্ষ্যে আন্তরিকতা বজায় রেখে সবাইকে ঐক্যবদ্ধ হয়ে কার্যক্রম পরিচালনা ও গৃহীত সিদ্ধান্তসমূহ যথাযথভাবে বাস্তবায়নের অনুরোধ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্ত ঘোষণা করা হয়।

স্বাক্ষরিত/
বিগ্রেডিয়ার জেনারেল
মুহাম্মদ জাহেদ কামাল, এনডিসি, এএফডব্লিউসি, পিএসসি
মহাপরিচালক

স্মারক নং : ৫৮.০৩.০০০০.০২০.১৫.০১৫.২৪ ৪১৬৫ তারিখ : ০৪/০১/১৪৩২ / ১৭/০৪/২০২৫

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হলো:

১. পরিচালক (প্রশাসন ও অর্থ/অপারেশন ও মেইন:/প্রশিক্ষণ, পরি: ও উন্ন:), ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা ।
২. উপপরিচালক (প্রশাসন ও অর্থ/পরিকল্পনা/অ্যাম্বুলেন্স/উন্নয়ন/অপারেশন)ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
৩. উপপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/সিলেট/খুলনা/বরিশাল/রংপুর/ময়মনসিংহ বিভাগ।
৪. অধ্যক্ষ, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স ট্রেনিং কমপ্লেক্স, মিরপুর, ঢাকা।
৫. সহকারী পরিচালক (প্রশাসন ও অর্থ/ক্রয় ও স্টোর/অপারেশন/ওয়্যারহাউজ ও ফায়ার প্রিভেনশন/পরিকল্পনা/উন্নয়ন/ প্রশিক্ষণ), ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
৬. সহকারী পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, ............................................................(সকল)।
৭. সহকারী রক্ষণাবেক্ষণ প্রকৌশলী, কেন্দ্রীয় কারিগরি কারখানা, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
৮. উপসহকারী পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স,....................................................(সকল)।
৯. সহকারী যোগাযোগ প্রকৌশলী (বেতার), ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
১০. ফোরম্যান, কেন্দ্রীয় কারিগরি কারখানা, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
১১. সিনিয়র স্টাফ অফিসার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১২. উপসহকারী পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, ঢাকা জোন- ১/ ২/ ৩/ ৪/ ৫/।
১৩. ভারপ্রাপ্ত কর্মকর্তা, কেন্দ্রীয় নিয়ন্ত্রণ কক্ষ, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
১৪. ভারপ্রাপ্ত কর্মকর্তা, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, মিডিয়া সেল/আইসিটি সেল/রিফর্ম সেল।
১৫. এমটিও, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
১৬. সিনিয়র স্টেশন অফিসার/স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন, ........................(সকল)।
১৭. সুপার/সেকশন ইনচার্জ................................................., ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
১৮. এ অধিদপ্তরের গার্ড ফাইল/হিসাব/বাসাবরাদ্দ/নিয়োগ/বদলি/বিভাগীয় কল্যাণ তহবিল/আইসিটি সেল/রেকর্ড/এইচআরএম/ডাটাএন্ট্রি/এসিআর/ট্রেনিং/ছুটি/তদন্ত/অপারেশন/রেশন/পেনশন/ফায়ার সার্ভিস ওয়েলফেয়ার ট্রাস্ট/ দেশিক ক্রয়/ক্রয় ও স্টোর/পত্র গ্রহণ ও বিতরণ/ওয়্যারহাউজ/পরিকল্পনা/অ্যাম্বুলেন্স/উন্নয়ন/ফায়ার এন্ড সেফটি সেল/নারী কল্যাণ শাখা।

১৭/০৪/২০২৫

মোহাম্মদ মোজাম্মেল হক
পরিচালক (প্রশাসন ও অর্থ)